পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নায়ন বিভাগ
যৌথ প্রশাসনিক ভবন (ষষ্ঠ - দশম তল), এইচ. সি.-৭, সেক্টর- ৩
বিধাননগর, কলকাতা - ৭০০১০৬

নং :১৩৮০/পিএন/ও/এক/৩সি-৪/৯৬(অংশ-৩)    তারিখ - ০৬/০৬/২০১৬

## আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ১৬ক ধারা অনুযায়ী প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের সকল গ্রাম সংসদে প্রতি বছর সাধারাণ ভাবে মে মাসে বার্ষিক গ্রাম সংসদ সভা অনুষ্ঠিত হওয়া আবশ্যক;

এবং যেহেতু প্রত্যেক গ্রাম পঞ্চায়েত তার এলাকার সকল গ্রাম সংসদে প্রতি বছর সাধারণ ভাবে মে মাসে বার্ষিক গ্রাম সংসদ সভা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব উপলব্ধি করে ওই সভা আয়োজন করার জন্য দায়বদ্ধ ;

এবং যেহেতু প্রত্যেক গ্রাম পঞ্চায়েত তার এলাকার সকল গ্রাম সংসদে প্রতি বছর সাধারণ ভাবে মে মাসে বার্ষিক গ্রাম সংসদ সভা আয়োজন করে বিগত বছরের কাজের খতিয়ান পেশ করা ও বর্তমান বছরের উন্নয়ন পরিকল্পনা এলাকার জনগণকে অবগত করা ও আগামি বছরের পরিকল্পনা প্রক্রিয়ার সূচনা করার জন্য দায়বদ্ধ ;

এবং যেহেতু উন্নয়ন প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের মঞ্চ হিসাবে গ্রাম সংসদ সভার প্রয়োজনীয়তা ও গুরুত্ব অপরিসীম;

এবং যেহেতু ষোড়শ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য ২০শে মে, ২০১৬ পর্যন্ত গ্রাম সংসদ সভা আয়োজন করা সম্ভব হয়নি;

অতএব, পূর্বোক্ত আইনের ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপালের আদেশ অনুসারে এতদ্বারা নির্দেশ জারি করা হচ্ছে যে, ২০১৬ সালের মে মাসে অনুষ্ঠিতব্য বার্ষিক গ্রাম সংসদ সভা ৩০শে জুন, ২০১৬ তারিখের মধ্যে রাজ্যের সকল গ্রাম পঞ্চায়েতের সকল গ্রাম সংসদে সম্পন্ন করতে হবে এবং ওই সভায় সংশ্লিষ্ট গ্রাম সংসদের সকল সদস্যা/সদস্য তথা ভোটারদের অংশগ্রহণ সুনিশ্চিত করার জন্য সকল গ্রাম পঞ্চায়েতকে ব্যাপকভাবে প্রচার করতে হবে ।

এছাড়া, পূর্বোক্ত আইনের ওই একই ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপালের আদেশ অনুসারে আরও নির্দেশ জারি করা হচ্ছে যে, উক্ত বার্ষিক গ্রাম সংসদ সভায় বিধিবদ্ধ বিষয়গুলি গুরুত্ব সহকারে পেশ করা ও আলোচনা করার পাশাপাশি নিম্নোক্ত বিষয়গুলিকেও সমান গুরুত্ব দিয়ে আলোচনা করতে হবে -

১) সংশ্লিষ্ট এলাকার জনস্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত বর্তমান অবস্থা এবং এই বিষয়ে পরিকল্পনা রচনা ও রূপায়ণ করা

২) স্বাস্থ্যবিধান ও নিরাপদ পানীয় জল সংক্রান্ত এলাকার বর্তমান অবস্থা, পরিষেবা ব্যবস্থা ও কর্ম পরিকল্পনা রচনা ও রূপায়ণ করা

৩) শিক্ষা সংক্রান্ত এলাকার বর্তমান অবস্থা, পরিষেবা ব্যবস্থা ও কর্ম পরিকল্পনা রচনা ও রূপায়ণ করা

৪) এলাকার জনগণের, বিশেষ করে দুঃস্থ ও পিছিয়ে পড়া মানুষের জীবিকা উন্নয়ন সংক্রান্ত নানান দিক ও কর্ম পরিকল্পনা রচনা ও রূপায়ণ করা

৫) এলাকার জনগণের, বিশেষ করে দুঃস্থ ও পিছিয়ে পড়া মানুষের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন সহ সার্বিক উন্নয়নের জন্য সহভাগী প্রক্রিয়ায় তথ্য সংগ্রহ, সহভাগী সমীক্ষা, সামাজিক ও প্রাকৃতিক সম্পদের মানচিত্র অঙ্কন, পাড়া-ভিত্তিক বা এলাকা ভিত্তিক বৈঠক বা আলোচনা শিবির আয়োজন করার মাধ্যমে উপ-সমিতি ভিত্তিক সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা রচনা ও রূপায়ণ, অর্থাৎ সহভাগী গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা রচনা ও রূপায়ণ করা

(৬) এখানে উল্লেখ্য যে, গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা গ্রাম সংসদ সভায় জনগণের অংশগ্রহনের প্রক্রিয়ার মাধ্যমে উঠে আসা আবশ্যক। পরিকল্পনার ক্ষেত্রে জনগণের অংশগ্রহণের বিষয়টি অবহেলিত হলে তা পরবর্তীকালে গ্রাম পঞ্চায়েতে অর্থ সরবরাহের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি করতে পারে ।

উক্ত বিষয় সংক্রান্ত একটি পত্র জেলা শাসকের পক্ষ থেকে সংশ্লিষ্ট জেলার সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানদের কাছে পাঠানো আবশ্যক।

জেলার সকল গ্রাম পঞ্চায়েতের সকল গ্রাম সংসদে গ্রাম সংসদ সভা সম্পন্ন হওয়ার পর কিছু তথ্য সম্বলিত একটি প্রতিবেদন গ্রাম পঞ্চায়েত স্তরে সংকলিত হয়ে ব্লকের মাধ্যমে জেলায় সংগ্রহ করতে হবে । জেলাস্তরে এই তথ্য সংকলিত করে এই আদেশনামার সঙ্গে সংযোজিত ফরম্যাটে জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের পক্ষ থেকে সংশ্লিষ্ট জেলার একটি প্রতিবেদন ৩০শে জুলাই, ২০১৬ তারিখের মধ্যে রাজ্যস্তরে অবশ্যই পাঠাতে হবে ।

রাজ্যপালের আদেশানুসারে

দিলীপ পাল ৮/৮/১৬

সংযোজনী : উপরে বর্ণিত অনুযায়ী

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকারবলে
বিশেষ সচিব, পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

নং :১৩৮০(৭৯)/পিএন/ও/এক/৩সি-৪/৯৬(অংশ-৩)　　　　　　　　　তারিখ - ০৬/০৬/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদত্ত হল -

(১) মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ

(২) সদস্য-সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণা সংস্থা, কলকাতা

(৩) অধিকর্তা, বি. আর. আম্বেদকর পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া

(৪) সভাধিপাতি, ......................................... জেলা পরিষদ / মহকুমা পরিষদ

(৫) জেলা শাসক, ................................................ জেলা

(৬) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ................................... জেলা পরিষদ / মহকুমা পরিষদ

(৭) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ............................ জেলার সকল সমষ্টি উন্নয়ন আধিকারিক ও প্রধানদের অবিলম্বে অবগত করার জন্য অনুরোধ করা হল।

যুগ্ম-সচিব, পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

[সংযোজনী : নং : ১৩৮০/পিএন/ও/এক/৩সি-৪/৯৬(অংশ-৩), তারিখ - ০৬/০৬/২০১৬]

## ২০১৬ সালের বার্ষিক গ্রাম সংসদ সভার প্রতিবেদন সংক্রান্ত ফরম্যাট (রাজ্যস্তরে পাঠানোর জন্য)

জেলার নাম :

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | মোট গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | মোট গ্রাম সংসদের সংখ্যা | কয়টি গ্রাম সংসদের সভা হয়েছে | কয়টি গ্রাম পঞ্চায়েতে একটিও সভা হয়নি | কয়টি গ্রাম সংসদ সভা মুলতুবী হয়েছে | কয়টি মুলতুবী সভা হয়েছে | গ্রাম পঞ্চায়েত ভিত্তিক গড় উপস্থিতির হার | গ্রাম পঞ্চায়েত ভিত্তিক মহিলা সদস্যদের গড় উপস্থিতির হার | গ্রাম পঞ্চায়েত ভিত্তিক পুরুষ সদস্যদের গড় উপস্থিতির হার | সামগ্রিক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

তারিখ -

স্বাক্ষর - জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক